02 SEP 2016

তারিখ 02 AUG 2016
পৃঃ ৩ কলাম ৩

দৈনিক
আমাদের সময়

ছাত্রলীগের ৩ দফা সংঘর্ষ

# শাবি শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ

শাবি প্রতিনিধি ●

অন্যান্য মাসের তুলনায় শোকের মাস আগস্টে কিছুটা নমনীয় থাকার চেষ্টা করেন ছাত্রলীগ নেতাকর্মীরা। কিন্তু শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সেই আগস্টের শেষ সপ্তাহে তিন তিনবার সংঘর্ষে জড়িয়েছেন সংগঠনটির নেতাকর্মীরা। এতে আহত হয়েছেন প্রায় সাতজন। উদ্ভূত পরিস্থিতিতে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার মধ্যে ছাত্রদের ও আজ শুক্রবার দুপুর ১২টার মধ্যে ছাত্রীদের হল ছাড়ার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এদিকে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ৩৬ নেতাকর্মীকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তাদের মধ্যে চারজনকে এক সেমিস্টার, ১২ জনকে ৫০০ টাকা, ২০ জনকে ৫০০ টাকা জরিমানাসহ কেন হল থেকে বহিষ্কার করা হবে না তা জানতে চেয়ে এ কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। গতকাল এ নোটিশ দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন এসব তথ্যের সত্যতা নিশ্চিত করেন।

হল ত্যাগের নির্দেশে চরম ক্ষোভ ও হতাশা বিরাজ করছে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে। ৩৬তম বিসিএসের লিখিত পরীক্ষায় অংশ নিয়েছেন এমন অনেক শিক্ষার্থী পড়েছেন বিড়ম্বনায়। এ ছাড়া উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থীদের টিউশনি থাকার কারণে সিলেটে বিকল্প ব্যবস্থায় থাকতে হবে তাদের। আবার ঈদের পর যেসব বিভাগের পরীক্ষা রয়েছে, সেসব শিক্ষার্থীদেরও ভোগান্তির অন্ত নেই। পদার্থবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আমির হামজা ক্ষোভ প্রকাশ করে বলেন, ছোট একটি ঘটনাকে কেন্দ্র করে হল ত্যাগের নির্দেশ দেওয়া কোনোভাবেই উচিত হয়নি। মাসের ১ তারিখে বাড়ি যাওয়ার যাতায়াত খরচ অনেক শিক্ষার্থীর কাছেই নেই। প্রশাসনের ব্যর্থতার কারণেই আজ আমাদের এই ভোগান্তি সহ্য করতে হবে।